কনফিডেন্সসিমেন্ট
A গ্রেড ক্লিংকার
☎01755550035-36

দৈনিক
আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী

রোববার | ১০ মার্চ ২০২৪ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৪তম বর্ষ ১৮৪ সংখ্যা | ২৬ ফাল্গুন ১৪৩০ সাল | ২৮ শাবান ১৪৪৫ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

## প্রিমিয়ার ভার্সিটির ওরিয়েন্টেশনে উপাচার্য

# মানবসম্পদ হয়ে দেশকে এগিয়ে নিতে হবে

প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগের বিবিএ ৪৬ ও ৪৭ তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম গতকাল শনিবার অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ। সভাপতিত্ব করেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক।

প্রধান অতিথি নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা স্কুল, কলেজ পেরিয়ে বিশ্ববিদ্যালয়ে এসেছো। তোমরা একটা বিশাল ক্ষেত্রে প্রবেশ করেছো। এখানে তোমরা বিশ্বের জ্ঞান অর্জন করবে।এখানে আরো বিস্তারিতভাবে বাণিজ্য সম্পর্কে পড়ার সুযোগ পাবে।

তিনি নবীন শিক্ষার্থীদের মানবসম্পদ হয়ে দেশকে এগিয়ে নেওয়ার আহ্বান জানান। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীন শিক্ষার্থীদের বলেন, বিবিএ-কে কেবল একটি সনদ বা ডিগ্রি হিসেবেই বিবেচনা করা যাবে না। তিনি বলেন, যে-কোনো সফল প্রযুক্তিতে প্রোডাকশন সাপ্লাই মার্কেটিং-এর ধারাবাহিক চক্রকে পার হতে হয়। কাজেই উন্নততর প্রযুক্তির বাস্তব প্রয়োগের নেপথ্যে রয়েছে ব্যবসা-প্রশাসনের চিন্তার প্রণালী।

সভাপতির বক্তব্যে ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক নবীন শিক্ষার্থীদেরকে সুশিক্ষিত হওয়ার আহ্বান জানিয়ে বলেন, তোমরা সুশিক্ষিত হলে অন্যরা তোমাদের ব্যবহার করতে পারবে না। বিভাগের শিক্ষক নাঈমা নাজনীন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 10 March 2024, Page: 3, Col: 1
https://bn.edainikazadi.net/index.php?page=1&date=2024-03-10

চট্টগ্রাম রবিবার ১০ মার্চ ২০২৪

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৯তম বর্ষ ২৮তম সংখ্যা । । ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ । । ২৮ শাবান ১৪৪৫ হিজরি । । Sunday 10 March 2024 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

01755550035-36

দৈনিক পূর্বকোণ ব্রেকিং নিউজ পেতে যে কোন রবি/এয়ারটেল নাম্বার থেকে ডায়াল করুন *213*3368#

### ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেন

# মানবসম্পদ হয়ে দেশকে এগিয়ে নিতে হবে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসা-প্রশাসন বিভাগের বিবিএ ৪৬ ও ৪৭ তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ১১ টায় অনুষ্ঠিত এই ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রফেসর ড. অনুপম সেন বলেন, তোমরা স্কুল, কলেজ পেরিয়ে বিশ্ববিদ্যালয়ে এসেছো। বস্তুত তোমরা একটা বিশাল ক্ষেত্রে প্রবেশ করেছো। এখানে তোমরা বিশ্বের জ্ঞান অর্জন করবে। তোমরা স্কুল-কলেজে হয়তো বাণিজ্য বিভাগে পড়েছো। এখানে আরো বিস্তারিতভাবে বাণিজ্য সম্পর্কে তোমরা পড়ার সুযোগ পাবে। তিনি নবীন শিক্ষার্থীদের মানবসম্পদ হয়ে দেশকে এগিয়ে নেওয়ার আহ্বান জানান।

উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীন শিক্ষার্থীদের বলেন, বিবিএ-কে কেবল একটি সনদ বা ডিগ্রি হিসেবেই বিবেচনা করা যাবে না। বরং বলা যায়, এটি একজন ব্যক্তিকে নতুনভাবে তৈরি করে; তার চরিত্রের মধ্যে নতুন বৈশিষ্ট্যের সংযোগ ঘটায়। ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ বলেন, আমাদের কাজ হচ্ছে নবীন শিক্ষার্থীদের চেঞ্জ করা অর্থাৎ তাদের ভ্যালু এড প্রদান করা।

বিভাগের শিক্ষক নাঈমা নাজনিন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি



*প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন*

Ref: Daily Purbokone, Date: 10 March 2024, Page: 3, Col: 2

https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-03-10

রবিবার
চট্টগ্রাম
১০ মার্চ ২০২৪
২৬ ফাল্গুন ১৪৩০
২৮ শাবান ১৪৪৫
বর্ষ-১২, সংখ্যা-৮৭

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠা | ৭ টাকা

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
02-334455071-6
02-334451901-6
01976-022111
01976-022333

স্বাধীনতা আন্দোলনে সাংস্কৃতিক কর্মীদের ব্যাপক ভূমিকা ছিল | ৩
ইসরায়েলের প্রতি যুক্তরাষ্ট্রের সমর্থন এবং মানবিকতা | ৪
আমিরাতে বজ্রসহ প্রবল বৃষ্টি সতর্কতা জারি | ৬
লাখো তীর্থযাত্রীতে মুখর সীতাকুণ্ডের চন্দ্রনাথ ধাম | ৮



প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য দেন উপাচার্য ড. অনুপম সেন

# মানবসম্পদ হয়ে দেশকে এগিয়ে নিতে হবে : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসা-প্রশাসন বিভাগের বিবিএ ৪৬ ও ৪৭তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ৯ মার্চ সকাল সাড়ে ১১টায় ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ। সভাপতিত্ব করেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক।

প্রধান অতিথির বক্তব্যে ড. অনুপম সেন বলেন, একটি দেশের মূলধন সঞ্চয়নের পেছনে মানবসম্পদ মূলধন সৃষ্টির বিরাট অবদান রয়েছে। তোমরাই সেই মানবসম্পদ মূলধন। তিনি নবীন শিক্ষার্থীদের মানবসম্পদ হয়ে দেশকে এগিয়ে নেওয়ার আহ্বান জানান।ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ বলেন, আমাদের কাজ হচ্ছে নবীন শিক্ষার্থীদের চেঞ্জ করা অর্থাৎ তাদের ভ্যালু এড প্রদান করা। সুতরাং তাদের আগামী চার বছর ভালোভাবে কাজে লাগাতে হবে। সভাপতির বক্তব্যে ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক নবীন শিক্ষার্থীদেরকে সুশিক্ষিত হওয়ার আহ্বান জানিয়ে বলেন, তোমরা সুশিক্ষিত হলে অন্যরা তোমাদের ব্যবহার করতে পারবে না। বিভাগের শিক্ষক নাঈমা নাজনিন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 10 March 2024, Page: 2, Col: 1
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-03-10

চট্টগ্রাম • রোববার • ১০ মার্চ ২০২৪ • ২৬ ফাল্গুন ১৪৩০ • ২৮ শা'বান ১৪৪৫ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২০ সংখ্যা ২০১

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ ডলার সংকটের প্রভাবে বেসরকারি খাতের ঋণ প্রবৃদ্ধি

৪ প্রধানমন্ত্রীর রাজনীতি উনড়বয়নের : অর্থপ্রতিমন্ত্রী

৬ মেয়ে সুহানার সঙ্গে জুটি বাঁধলেন শাহরুখ



**কিশোরগ্যাং থামাতে হবে এখনই**

সমাজে কোথাও কোনো সুবাতাস নেই। সুখবর নেই। বড়দের দলাদলি, মারামারি, স্বার্থপরতা, মিথ্যাচার, নিষ্ঠুরতা, প্রতারণা দেখতে দেখতে বড় হচ্ছে শিশুরা।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ওরিয়েন্টেশনে ড. অনুপম সেন

# মানবসম্পদ হয়ে দেশকে এগিয়ে নিতে হবে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসা-প্রশাসন বিভাগের বিবিএ ৪৬ ও ৪৭ তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ৯ মার্চ সকাল ১১.৩০টায় অনুষ্ঠিত এই ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক। অনুষ্ঠানে ড. অনুপম সেন বলেন, তোমরা স্কুল, কলেজ পেরিয়ে বিশ্ববিদ্যালয়ে এসেছো। বস্তুত তোমরা একটা বিশাল ক্ষেত্রে প্রবেশ করেছো। এখানে তোমরা বিশ্বের জ্ঞান অর্জন করবে। তোমরা স্কুল-কলেজে হয়তো বাণিজ্য বিভাগে পড়েছো। এখানে আরো বিস্তারিতভাবে বাণিজ্য সম্পর্কে তোমরা পড়ার সুযোগ পাবে। তিনি বলেন, ব্যবসা ও শিল্পে ভ্যালু এড করা না গেলে ব্যবসা ও শিল্পের অবক্ষয় ঘটতে থাকে। তিনি উল্লেখ করেন, রাষ্ট্র রাস্তা-ঘাট-ব্রিজ, বিদ্যুৎ প্লান্ট ইত্যাদি তৈরি করে ব্যবসা-বাণিজ্য-শিল্পের বিস্তার ঘটানোর জন্য কীভাবে বিভিন্ন অবকাঠামো সৃষ্টি করে, তা তোমাদের বুঝতে হবে। একটি দেশের মূলধন (capital) সঞ্চয়নের পেছনে মানবসম্পদ মূলধন (human capital) সৃষ্টির বিরাট অবদান রয়েছে। তোমরাই সেই মানবসম্পদ মূলধন। তিনি নবীন শিক্ষার্থীদের মানবসম্পদ হয়ে দেশকে এগিয়ে নেওয়ার আহ্বান জানান। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীন শিক্ষার্থীদের বলেন, বিবিএ-কে কেবল একটি সনদ বা ডিগ্রি হিসেবেই বিবেচনা করা যাবে না। বরং বলা যায়, এটি একজন ব্যক্তিকে নতুনভাবে তৈরি করে; তার চরিত্রের মধ্যে নতুন বৈশিষ্ট্যের সংযোগ ঘটায়। চিন্তা, পরিকল্পনা, সংগঠন ও নেতৃত্ব এইসব বিবিএ-র প্রথম বর্ষ থেকেই পাঠ্যসূচির অন্তর্ভুক্ত হয়। ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ বলেন, আমাদের কাজ হচ্ছে নবীন শিক্ষার্থীদের চেঞ্জ করা অর্থাৎ তাদের ভ্যালু এড প্রদান করা। সুতরাং তাদের আগামী চার বছর ভালোভাবে কাজে লাগাতে হবে।

সভাপতির বক্তব্যে ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক নবীন শিক্ষার্থীদেরকে সুশিক্ষিত হওয়ার আহ্বান জানিয়ে বলেন, তোমরা সুশিক্ষিত হলে অন্যরা তোমাদের ব্যবহার করতে পারবে না। বিভাগের শিক্ষক নাঈমা নাজনিন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 10 March 2024, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2024-03-10